**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-১৭৬

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪

## পরিপত্র-৭

বিষয় : **ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস-চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচনে প্রার্থীদের হলফনামা দাখিল, হলফনামার তথ্যসমূহ বাছাই এবং হলফনামার তথ্যাবলী প্রচার**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা সদস্য পদের প্রত্যেক প্রার্থীকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্রের সাথে ০৭টি তথ্য সম্বলিত হলফনামা দাখিল করতে হবে। যদি কোন প্রার্থী হলফনামা দাখিল না করেন বা দাখিলকৃত হলফনামায় কোন অসত্য তথ্য প্রদান করেন বা তথ্য গোপন করেন বা হলফনামায় উল্লিখিত তথ্যের সমর্থনে যথাযথ প্রমাণাদি দাখিল না করেন, তাহলে তাঁর মনোনয়নপত্র বাতিল করা যাবে। রিটার্নিং অফিসার প্রয়োজনে অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে হলফনামার মূলকপিসহ প্রয়োজনীয় ফটোকপি মনোনয়নপত্র বাছাইয়ের সময় জমা দেওয়ার নির্দেশনা প্রদান করিতে পরিবেন। হলফনামায় প্রদত্ত তথ্য প্রচারের সুবিধার্থে প্রার্থীগণের নিকট হতে হলফনামার মূল কপি ছাড়াও ফটোকপি নিতে পারেন। স্পষ্টীকরণের জন্য ৭ দফা তথ্য প্রদানের বিষয়ে নিম্নে সংক্ষেপে দেয়া হলো:

(১) তদ্‌কর্তৃক অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(২) বর্তমানে তিনি কোন ফৌজদারী মামলায় অভিযুক্ত আছেন কিনা;

(৩) অতীতে তার বিরুদ্ধে দায়েরকৃত কোন ফৌজদারী মামলার রেকর্ড আছে কিনা, থাকলে তার রায় কি ছিল;

(৪) তার ব্যবসা বা পেশার বিবরণী;

(৫) তার আয়ের উৎস বা উৎসসমূহ;

(৬) তার নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায়ের বিবরণী; এবং

(৭) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে তদকর্তৃক একক বা যৌথভাবে বা তার উপর নির্ভরশীল সদস্য কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হওয়ার সুবাদে ঐ সব প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের পরিমাণ।

২। **হলফনামা প্রকাশ ও তথ্য সরবরাহ:** প্রার্থীর মনোনয়নপত্রের সাথে হলফনামা, নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী, আয়কর রিটার্ন এবং কর পরিশোধের প্রমাণপত্রের কপি অনলাইনে মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট সকল প্রার্থীকে বিষয়টি অবহিত করতে হবে। অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে হলফনামার এক কপি রিটার্নিং অফিসারের কার্যালয়ে অনলাইন হতে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে, এক কপি রিটার্নিং অফিসারের কার্যালয়ে টাংগিয়ে দিবেন এবং এক কপি সংরক্ষিত রাখতে হবে, যাতে এনজিও বা বিভিন্ন সংবাদ মাধ্যম কে ফটোকপি করে নেয়ার জন্য তা প্রদান করা যায়। এনজিও, সংবাদ মাধ্যম বা অন্য যে কোন ব্যক্তি এরূপ ক্ষেত্রে নিজ দায়িত্বে ফটোকপি করবেন অথবা ফটোকপির খরচ নিজেরাই বহন করবেন।

৩। **হলফনামার তথ্যাবলী প্রচার:** প্রার্থীদের কাছ হতে হলফনামার মাধ্যমে সংগৃহীত তথ্যাদি রিটার্নিং অফিসারকে ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার করতে হবে, যাতে ভোটারগণ প্রার্থীদের যাবতীয় তথ্যাদি বিচার বিশ্লেষণ করে যোগ্য প্রার্থী নির্বাচন করতে পারেন। প্রার্থীর হলফনামার মাধ্যমে দাখিলকৃত তথ্যাদি লিফলেট আকারে ভোটারদের মাঝে প্রচার করতে

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

হবে। লিফলেট উপজেলার হাটবাজারে বা অন্য জনাকীর্ণ স্থানে প্রচারের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে গণ-যোগাযোগ অধিদপ্তরের সহযোগিতা নেয়া যেতে পারে। সংবাদমাধ্যমসহ বিভিন্ন এনজিও এরূপ প্রচারে বিষয়ে আগ্রহী হতে পারে।

তাদের কাছে এ তথ্য লভ্য করতে হবে। এক্ষেত্রে যেদিন যে প্রার্থী মনোনয়নপত্র দাখিল করবে, সম্ভব হলে সেদিনই সে প্রার্থীর তথ্যাদি প্রদানের জন্য প্রস্তুত থাকতে হবে। প্রয়োজনে সিডির মাধ্যমেও তথ্যাদি কপি করে দেয়া যেতে পারে। এ সব তথ্য নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।

৪। **হলফনামার মাধ্যমে তথ্য প্রদান না করার শাস্তি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩) এর দফা (ঙ) অনুসারে কোন প্রার্থী মনোনয়নপত্রের সাথে বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) এর অধীন হলফনামা দাখিল না করলে বা দাখিলকৃত হলফনামায় অসত্য তথ্য প্রদান করা হলে বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বা হলফনামায় উল্লিখিত কোন তথ্যের সমর্থনে যথাযথ সার্টিফিকেট, দলিল, ইত্যাদি দাখিল না করলে রিটার্নিং অফিসার স্বীয় উদ্যোগে, অথবা বিধিমালার এ উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে, তদন্ত পরিচালনা করে মনোনয়নপত্র বাতিল করতে পারবেন। এতদ্ব্যতীত হলফনামায় প্রদত্ত কোন তথ্য মিথ্যা বা ভুল বলে প্রমাণিত হলে প্রচলিত আইন অনুযায়ী তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

১৫/৪/২০২৪

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: ecsemc2@gmail.com

প্রাপক:
১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট .................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার/অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার.....(সকল) ও রিটার্নিং অফিসার
৩। উপজেলা নির্বাহী অফিসার ......................... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। সহকারী কমিশনার (ভূমি)............................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৫। উপজেলা নির্বাচন অফিসার,........................... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-১৭৬

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১ / ১৫ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................... (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................... (সকল)
১৯. পুলিশ সুপার, ..................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।
২৮. অফিসার ইনচার্জ, ................................................ (সংশ্লিষ্ট)

১৫/৪/২০২৪

**(মোহাম্মদ শাহজালাল)**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
e-mail: ecsemc2@gmail.com